



স্মারক নং: ৩৯.০৬.২৬৭২.০০৪.২৫.০০১.১৬-৮২৮

তারিখ: ০৯ কার্তিক ১৪২৫  
২৪ অক্টোবর ২০১৮

বিষয়: জীবপ্রযুক্তি বিষয়ে মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীদের মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

আপনি অবগত আছেন যে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি জীবপ্রযুক্তি বিষয়ে দেশের বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে গবেষণার পাশাপাশি জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করা হয়ে থাকে। আগামী ০৮- ১৩ ডিসেম্বর, ২০১৮ (মোট ছয় দিন) ‘Training on Basic Biotechnology’ শিরোনামে প্রশিক্ষণ কর্মসূচীর (৪১ তম ব্যাচ) আয়োজন করা হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকাসহ প্রশিক্ষণ চলাকালীন সময়ে আবাসন ও খাদ্য সংক্রান্ত সকল ব্যয়ভার প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি হতে সম্মানী বা টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনা এবং রেজিস্ট্রেশন ফরম এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে ইচ্ছুক আপনার বিভাগে অধ্যয়নরত ৪র্থ বর্ষ/মাস্টার্স পর্যায়ের ০২ (দুই) জন ছাত্র/ছাত্রীকে আগামী ২৫/১১/২০১৮ তারিখের মধ্যে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনা এবং রেজিস্ট্রেশন ফরম

  
ড. মো. সালিমুল্লাহ

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল: dgnibbd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ৩। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান, বায়োটেকনোলজি বিভাগ, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, বায়োটেকনোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
- ৭। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৮। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ৯। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
- ১০। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।
- ১১। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
- ১২। চেয়ারম্যান, বায়োটেকনোলজি প্রোগ্রাম, ম্যাথমেটিক্স এন্ড ন্যাচারাল সায়েন্সেস বিভাগ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, মহাখালী, ঢাকা।
- ১৩। বিভাগীয় প্রধান, বায়োকেমিস্ট্রি এন্ড বায়োটেকনোলজি বিভাগ, খাজা ইউনুস আলী ইউনিভার্সিটি সিরাজগঞ্জ।
- ১৪। সংশ্লিষ্ট নথি।

যোগাযোগ: হাবিবুন নবী ফরহাদ, কোর্স কো-অর্ডিনেটর, মোবাইল- ০১৭৪০-৮৬৫১৯৩, প্রশিক্ষণ বিভাগ, ইমেইল- hrdnib@gmail.com